গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০২.০১.২২৪.২২- ৪৯৩

তারিখঃ ৩১/০৭/২০২২ খ্রিঃ

**বিষয়ঃ আন্তর্জাতিক ভাষা ইংরেজি বিষয়ে দক্ষতা অর্জন।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, নার্সিং ও মিডওয়াইফারি পেশার গ্রহণযোগ্যতা পূর্বের তুলনায় বর্তমানে বহুলাংশে বৃদ্ধি পেয়েছে। এছাড়া কোভিড-১৯ মহামারি মোকাবেলায় বাংলাদেশের নার্স ও মিডওয়াইফদের সাফল্য সারা বিশ্বে সুনাম অর্জন করেছে। দক্ষ নার্স ও মিডওয়াইফ তৈরির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার্থীদের কঠোর অধ্যাবসায় এবং শিক্ষকগণের আন্তরিকতার কোন বিকল্প নেই। এছাড়া আন্তর্জাতিক পর্যায়ে কাজ করতে হলে আন্তর্জাতিক ভাষা বিশেষ করে ইংরেজি ভাষার উপর দক্ষতা অর্জনের প্রয়োজনীয়তা আছে।

২। এমতাবস্থায়, অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের ইংরেজি ভাষায় দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১) প্রতি সপ্তাহের একটি সুবিধাজনক দিনে নির্ধারিত বিষয়ে বক্তৃতা, উপস্থিত বিষয়ে বক্তৃতা এবং বিতর্ক প্রতিযোগিতা আয়োজন।
২) নির্ধারিত বা উপস্থিত বিষয়ে রচনা প্রতিযোগিতার আয়োজন।
৩) শিক্ষার্থীদের Reading, Writing, Listening and Speaking দক্ষতা বৃদ্ধিতে কার্যকরী পদক্ষেপ গ্রহণ।
৪) গৃহীত সাপ্তাহিক কার্যক্রমের উপর প্রতি মাসের ৫ তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের প্রতিবেদন এ অধিদপ্তরের শিক্ষা শাখার মেইলে (dgnm.nursingedu@gmail.com) প্রেরণ।

৩১/৭/২২
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)

প্রাপক
১। অধ্যক্ষ, নার্সিং কলেজ/ নার্সিং ইনস্টিটিইট................. (সকল)।
২। নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ও মিডওয়াইফারি কলেজ/ নার্সিং ইনস্টিটিউট..................... (সকল)।

অনুলিপিঃ
১। পরিচালক (সকল), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক, নিয়ানার, মুগদা, ঢাকা।
৩। উপপরিচালক (সকল), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৪। সহকারি পরিচালক (সকল), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৫। সহকারি পরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।